

প্রসূতি ছুটি

বি এস আর-১৯৭, এফ আর-১০১ এবং এস আর (এফ আর)-২৬৭, ২৬৮)

(১) কোন মহিলা কর্মচারী প্রসূতি ছুটির জন্য আবেদন করিলে, প্রযোজ্য ক্ষেত্রে, বিধি-১৪৯ অথবা বিধি-১৫০ তে বর্ণিত কর্তৃপক্ষ ছুটি আরম্ভের তারিখ অথবা সন্তান প্রসবের উদ্দেশ্যে আতুর ঘরে আবদ্ধ হওয়ার তারিখ, ইহার মধ্যে যাহা পূর্বে ঘটিবে, ঐ তারিখ হইতে ৬ (ছয়) মাসের ছুটি মঞ্জুর করিবেন।

(১এ) একজন মহিলা কর্মচারী সমগ্র চাকরিকালে প্রসূতি ছুটি ২ (দুই) বারের অধিক পাইবেন না।

(১বি) এই বিধির অধীনে মঞ্জুরিকৃত প্রসূতি ছুটি মহিলা কর্মচারীর "ছুটি হিসাব" হইতে বিরোধ হইবে না এবং ছুটিতে যাওয়ার প্রাক্কালে উল্লিখিত বেতনের হারে পূর্ণ বেতন পাইবেন।

বিশ্লেষণ : এস আর ও নং ১৮৬/অম/অবি/প্রবি-২/ছুটি-৩/২০০১, তারিখ : ৯ জুলাই, ২০০১/ ২৫ আষাঢ়, ১৪০৮ দ্বারা বাংলাদেশ সার্ভিস রুলস্, পার্ট-১ এর ১৯৭ নং বিধির উপবিধি-(১) এর পরিবর্তে উপবিধি-(১), (১এ) ও ১(বি) প্রতিস্থাপন করা হয় এবং এস, আর, ও নং ০৫/নথি নং ০৭.১৭৫.০০৮.০৮.০০.০০১.২০০০/ আইন/২০১১, তারিখ : ৯ জানুয়ারি, ২০১১ দ্বারা উপবিধি (১) পুনঃপ্রতিস্থাপন করা হয়।

বাংলাদেশ সার্ভিস রুলস্, পার্ট-১ এর ১৯৭(১) নং বিধি উপরোক্তভাবে

প্রতিস্থাপিত হওয়ায় প্রসূতি ছুটি সংক্রান্ত বর্তমান বিধানসমূহ নিম্নরূপ

(ক) প্রসূতি ছুটির মেয়াদ ৬ (ছয়) মাস। গর্ভবতী হওয়ার পর যে তারিখ হইতে ছুটিতে যাওয়ার আবেদন করিবে, ঐ তারিখ হইতেই ৬ (ছয়) মাসের ছুটি মঞ্জুর করিতে হইবে। তবে উক্ত ছুটি আরম্ভের তারিখ সন্তান প্রসবের উদ্দেশ্যে আতুর ঘরে আবদ্ধ হওয়ার তারিখের পরবর্তী কোন তারিখ হইতে পারিবে না। অর্থাৎ ছুটি আরম্ভের সর্বশেষ তারিখ হইবে সন্তান প্রসবের তারিখ। উল্লেখ্য গর্ভবতী হওয়ার স্বপক্ষে ডাক্তারী সার্টিফিকেটসহ আবেদন করা হইলে প্রসূতি ছুটির আবেদন না মঞ্জুর করার কিংবা ছয় মাস অপেক্ষা কম সময়ের জন্য ছুটি মঞ্জুর করার কিংবা ছুটি আরম্ভের তারিখ পরিবর্তন করার ক্ষমতা ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষের নাই। বি এস আর-১৯৭(১)

(খ) গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে সরকার অথবা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ অথবা ক্ষমতাপ্রাপ্ত

(খ) গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে সরকার অথবা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ অথবা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এই প্রসূতি ছুটি মঞ্জুরির জন্য ক্ষমতাপ্রাপ্ত। অর্থাৎ উভয় ক্ষেত্রেই অর্জিত ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ প্রসূতি ছুটি মঞ্জুরির জন্য ক্ষমতাপ্রাপ্ত। বি এস আর-১৯৭(১), ১৪৯ ও ১৫০

(গ) সমগ্র চাকরি জীবনে প্রসূতি ছুটি দুইবারের বেশী প্রাপ্য নয়। বি এস আর-১৯৭(১এ)

(ঘ) প্রসূতি ছুটি "ছুটি হিসাব" হইতে বিয়োগ হইবে না। অর্থাৎ প্রসূতি ছুটির জন্য ছুটি অর্জন করিতে হইবে না এবং পাওনা ছুটি হইতে প্রসূতি ছুটিকাল বাদ যাইবে না। বি এস আর-১৯৭(১বি)

(ঙ) ছুটি ভোগকালে ছুটিতে যাওয়ার প্রাক্কালে প্রাপ্য বেতনের হারে পূর্ণ বেতন প্রাপ্য। বি এস আর-১৯৭(১বি)

(চ) ডাক্তারী সার্টিফিকেটের ভিত্তিতে গড় বেতনে অর্জিত ছুটিসহ যে কোন প্রকার ছুটির আবেদন করিলে প্রসূতি ছুটির ধারাবাহিকতাক্রমে উক্ত প্রকার ছুটি মঞ্জুর করা যাইবে। এফ আর এর এস আর-২৬৮ এবং বি এস আর-১৯৭(২)

(ছ) অস্থায়ী সরকারী কর্মচারীও প্রসূতি ছুটি প্রাপ্য। এফ আর এর এস আর-২৬৭ এর সরকারী সিদ্ধান্ত

বিশ্লেষণ : এস. আর. ও নং ৮৪/নথি নং ০৭.০০.০০০০.১৭১.০৮.০০১.১২/ আইন/২০১২, তারিখ : ১ এপ্রিল ২০১২ দ্বারা সন্তান প্রসবের সম্ভাব্য তারিখে চাকরির মেয়াদ নয় মাস পূর্ণ হয় নাই, এইরূপ অস্থায়ী কর্মচারীকে প্রসূতি ছুটি প্রদান না করা সংক্রান্ত বি এস আর, পার্ট-১ এর বিধি ১৯৭ এর নোট বিলুপ্ত করায় চাকরির মেয়াদ নির্বিশেষে সকল অস্থায়ী কর্মচারীগণও প্রসূতি ছুটি পাইবেন।

(জ) মহিলা শিক্ষানাবশি (Lady Apprentices) এবং পার্ট-টাইম মহিলা ল' অফিসার প্রসূতি ছুটি প্রাপ্য। এফ আর এর এস আর-২৬৭ এর সরকারী সিদ্ধান্ত।

প্রাপ্যতাবিহীন ছুটি

নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধি-৫ অনুসারে ছুটি পাওনা না থাকা সত্ত্বেও
 ১। জন স্থায়ী সরকারী কর্মচারীকে ভবিষ্যতে সমন্বয়ের শর্তে ব্যক্তিগত বিশেষ কারণে
 ২। মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অবসর-উত্তর ছুটির ক্ষেত্রে ব্যতীত প্রাপ্যতাবিহীন
 ছুটি প্রদান করা যায়। নিম্নে বিধিটি উদ্ধৃত করা হইল :